

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১২০২

৩৩/ ইমারাত বা নেতৃত্ব (كتاب الإمارة)

পরিচ্ছেদঃ ৩৩/৭. কর্মচারীর হাদিয়া গ্রহণ হারাম।

تحريم هدايا العمال

আরবী

حدیث أَبِي حُمَیْدِ السَّاعِدِيِّ، أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَیْهِ وَسَلَّمَ اسْتَعْمَلَ عَامِلاً، فَجَاءَهُ الْعَامِلُ حِینَ فَرَغَ مِنْ عَمَلِهِ، فَقَالَ: یَا رَسُولَ اللهِ هذَا لَکُمْ، وَهذَا أُهْدِيَ لِي فَقَالَ لَهُ: أَفَلاَ قَعَدْتَ فِي بَیْتِ أَبیكَ وَأُمِّكَ فَنَظَرْتَ أَیُهْدَى لَكَ أَمْ لاَ ثُمَّ قَامَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَیْهِ وَسَلَّمَ عَشِیَّةً، بَعْدَ الصَّلاَةِ، فَتَشَهَّدَ وَأَثْنَى عَلَى اللهِ بِمَا هُوَ أَهْلُهُ، ثُمَّ قَالَ: أَمَّا بَعْدُ، عَلَیْهِ وَسَلَّمَ عَشِیَّةً، بَعْدَ الصَّلاَةِ، فَتَشَهَّدَ وَأَثْنَى عَلَى اللهِ بِمَا هُو أَهْلُهُ، ثُمَّ قَالَ: أَمَّا بَعْدُ، عَلَيْهِ وَسَلَّمَ عَشِیَّةً فَیَا أَتِینَا فَیَقُولُ هٰذَا مِنْ عَمَلِکمْ، وَهٰذَا أُهْدِيَ لِي، أَفَلاَ قَعَدَ فِي فَمَا بَالُ الْعَامِلِ نَسْتَعْمِلُهُ فَیَا أَتِینَا فَیَقُولُ هٰذَا مِنْ عَمَلِکمْ، وَهٰذَا أُهْدِيَ لِي، أَفَلاَ قَعَدَ فِي بَیْت أَبِیهِ وَأُمِّهِ فَنَظَرَ هَلْ یُهُدَى لَهُ أَمْ لاَ فَوَالَّذِي نَفْسُ مُحَمَّد بِیَدِهِ لاَ یَعُلُ أَحَدُکُمْ مِنْهَا شَیْتًا إِلاَّ جَاءَ بِهِ یَوْمَ الْقِیَامَةِ یَحْمِلُهُ عَلَی عُنُقِهِ، إِنْ کَانَ بَعِیرًا جَاءَ بِهِ لَهُ رُغَاءً، وَإِنْ کَانَتْ شَاهً جَاءَ بِهِ لَهُ رُغَاءً، وَإِنْ کَانَتْ شَاةً جَاءَ بِهَا لَهُ حَدَّى إِنَّا لَنَظُرُ إِلَى عُفْرَة فَقَالَ أَبُو حُمَیْدٍ: ثُمَّ رَفَعَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَیْهِ وَسَلَّمَ یَدَهُ حَتَّى إِنَّا لَنَنْظُرُ إِلَى عُفْرَةِ إِبْطَیْهِ

বাংলা

১২০২. আবু হুমায়দ সাঈদী (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে রাজস্ব আদায়কারী নিযুক্ত করে পাঠালেন। সে কাজ শেষ করে তাঁর কাছে এসে বলল, হে আল্লাহর রাসূল! এটা আপনার জন্য আর এ জিনিসটি আমাকে হাদিয়া দেয়া হয়েছে। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে বলতেনঃ তুমি তোমার মা-বাবার ঘরে বসে রইলে না কেন? তা হলে তোমার জন্য হাদিয়া পাঠাত কিনা তা দেখতে পেতে? এরপর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এশার ওয়াক্তের সালাতে দাঁড়িয়ে গেলেন এবং তাশাহহুদ পাঠ করলেন ও আল্লাহ্ তা'আলার যথোপযুক্ত প্রশংসা করলেন। এরপর বললেনঃ রাজস্ব আদায়কারীর অবস্থা কি হল? আমি তাকে নিযুক্ত করে পাঠালাম আর সে আমাদের কাছে এসে বলছে, এটা সরকারী রাজস্ব আর এ জিনিস আমাকে হাদিয়া দেয়া হয়েছে। সে তার বাবা-মার ঘরে বসেই রইল না কেন?



তাহলে দেখত তার জন্য হাদিয়া দেয়া হয় কি না? ঐ মহান সন্তার কসম! যার হাতে মুহাম্মাদ-এর প্রাণ, তোমাদের মাঝে কেউ যদি কোন বস্তুতে সামান্যতম খিয়ানত করে, তা হলে কিয়ামাতের দিন সে ঐ বস্তুটিকে তার কাঁধে বহন করা অবস্থায় আসবে। সে বস্তুটি যদি উট হয় তা হলে উট আওয়াজ করতে থাকবে। যদি গরু হয় তবে হাম্বা হাম্বা করতে থাকবে। আর যদি বকরী হয় তবে বকরী আওয়ায করতে থাকবে। আমি পৌছে দিলাম। রাবী আবু হুমায়দ বলেন, এরপর রাস্লুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর হস্ত মুবারক এতটুকু উত্তোলন করলেন যে, আমরা তাঁর দু'বগলের শুভ্রতা দেখতে পেলাম।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮৩: অঙ্গীকার ও নয়র, অধ্যায় ৩, হাঃ ৬৬৩৬; মুসলিম, পর্ব ৩৩ : ইমারাত বা নেতৃত্ব, অধ্যায় ৭, হাঃ ১৮৩২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুমায়দ সা'ঈদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন